


২০২৫ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণেচ্ছুদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত প্রয়োজনীয় শর্ত পূরণ সাপেক্ষে আগামী ২৬/০১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে পরীক্ষা শাখা হতে আবেদন ফরম সংগ্রহ করে যথাযথ পূরণ পূর্বক ডাচ-বাংলা মোবাইল ব্যাংকে ৫৯৭/- (পাঁচশত সাতানব্বই) টাকা জমা দিয়ে তালিকাভুক্ত হওয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

১। প্রয়োজনীয় শর্তাবলী :

- মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের সত্যায়িত মূল নম্বরপত্র দাখিল করতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found correct লেখা থাকতে হবে। কোনক্রমেই মাধ্যমিক পরীক্ষা বা সমমানের কোন সনদপত্র গ্রহণ করা হবে না।
- যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষাবোর্ড এবং উনুক্ত বিশ্ববিদ্যালয় এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found correct লেখা থাকতে হবে।
- যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্ব মাদরাসা শিক্ষাবোর্ড থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।
- যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০১৬ বা তৎপূর্ববর্তী বৎসরে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদেরকে মূল প্রবেশপত্র জমা দিতে হবে।
- বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/অত্র বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটেড অফিসারে নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থিত পরীক্ষার অন্ততপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কৃত হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৫ সালে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ভূয়া তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।
- প্রার্থীর সম্প্রতিকালে উঠানো ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবির সম্মুখভাগের নিজের নাম স্বাক্ষর করতে হবে এবং তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে আইকা আঠা দিয়ে আবেদন ফরমে আটকিয়ে দিতে হবে। দুই কপি স্ট্যাম্প সাইজের ছবি শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।
- শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত তিন বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারে সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।
- পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে এক বছর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারে সমপর্যয়ের কর্মকর্তার সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।
- কোন শারীরিক প্রতিবন্ধী কিংবা দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী শ্রুতিলেখক (জাইব) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইল পরীক্ষা পরিচালনা নীতিমালা মোতাবেক ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে শ্রুতিলেখক (জাইব) নিযুক্ত করতে হবে।

২। প্রয়োজনীয় কাগজ পত্র

- এস.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মূল নম্বর পত্র ও মূল সনদ পত্র এবং এ গুলোর ২টি করে সত্যায়িত ফটোকপি।
- পাঠ বিরতির প্রত্যয়ন পত্র ২ কপি। (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে গ্রহণ করতে হবে)।
- চারিত্রিক সনদ পত্র ২ কপি। (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে গ্রহণ করতে হবে)।
- সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি ৪ কপি।



প্রফেসর মোঃ সামসুল হক
অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ

২৬/১/২৫